

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।

ইমেইল: section7@lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১৩১.১১.০৭২.৮৪(১)-৯৫

তারিখ : ১৬ আষাঢ় ১৪৩৩
৩০ জুন ২০২৬

বিষয় : দিনাজপুর জেলার নবাবগঞ্জ উপজেলার ০৩ নং গোলাপগঞ্জ ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব আবু মুসা আহম্মাদের লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার নবাবগঞ্জ উপজেলার ০৩ নং গোলাপগঞ্জ ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব আবু মুসা আহম্মাদ অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত নং-০৫, ঢাকা কর্তৃক সি.আর ৮৬৬/২০২০ নং মামলায় পেনাল কোড, ১৮৬০ এর ৪২০ ধারায় শাস্তিযোগ্য অপরাধে দোষী সাব্যস্ত হয়ে ০২ (দুই) বছর সশ্রম কারাদন্ড এবং ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা অর্থদন্ড অনাদায়ে আরও ০১ (এক) মাসের বিনাশ্রম কারাদন্ডে দন্ডিত হওয়ায়; তাঁর বিরুদ্ধে আদালত স্বয়ং বাদী হয়ে পৃথক ফৌজদারী মামলা দায়েরের সিদ্ধান্ত গ্রহণ করায়; তাঁর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিলের বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য অত্র মন্ত্রণালয়ে সি.আর ৮৬৬/২০২০ নং মামলার রায় ও আদেশের অনুলিপি প্রেরণ করায় এবং তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১১ অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় ও এ প্রসঙ্গে তার কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় নিকাহ রেজিস্ট্রার জনাব আবু মুসা আহম্মাদের নামে এ বিভাগ হতে গত ০১/০৭/২০০২ খ্রি. তারিখে বিচার-৭/২-এন- ৫০/৮৫-৬০৫ নং স্মারকে ইস্যুকৃত নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো।

উক্ত অধিক্ষেত্রটি শূন্য ঘোষণাপূর্বক শূন্য অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব আবু মুসা আহম্মাদ এর নিকট হতে বাল্য বহিস্হ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার, দিনাজপুর-কে নির্দেশ প্রদান করা হলো। একইসাথে মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এ বর্ণিত ৬ বিধি অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য জেলা রেজিস্ট্রার, দিনাজপুর/ সাব-রেজিস্ট্রার, নবাবগঞ্জ, দিনাজপুরকে অবহিত করা হলো।

স্বাঃ

(মোঃ আবদুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৮৫৪৫৮

প্রাপক

জেলা রেজিস্ট্রার
দিনাজপুর।

নম্বর : ১০.০০.০০০০.১৩১.১১.০৭২.৮৪(১)-৯৫(১৩)

তারিখ : ১৬ আষাঢ় ১৪৩৩
৩০ জুন ২০২৬

বিতরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
(উপর্যুক্ত আদেশটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৫. ম্যানেজার, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, আঞ্চলিক অফিস, রংপুর।
৬. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. সহকারী প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (অনলাইন ডাটাবেজ হালনাগাদের অনুরোধসহ)।
৮. সাব-রেজিস্ট্রার, নবাবগঞ্জ, দিনাজপুর।
৯. অফিসার ইনচার্জ, নবাবগঞ্জ থানা, দিনাজপুর।
১০. চেয়ারম্যান, ০৩ নং গোলাপগঞ্জ ইউনিয়ন পরিষদ, নবাবগঞ্জ, দিনাজপুর।
১১. জনাব আবু মুসা আহম্মাদ (সাবেক নিকাহ রেজিস্ট্রার), পিতা-মোঃ ইসহাক আলী;
গ্রামঃ পশ্চিম খোদাইপুর, ডাকঘর - গোপালগঞ্জ, নবাবগঞ্জ, দিনাজপুর।
১২. অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আবদুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৮৫৪৫৮